ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৪১৫
খোয়াই, ১৮ আগস্ট, ২০২৫

**পদ্মবিল ব্লক অফিস প্রাঙ্গণে ৩ দিনের**
**খাদ্য প্রস্তুতি বিষয়ক কর্মশালা শুরু**

খোয়াই মহকুমা জনজাতি কল্যাণ কার্যালয়ে এবং জনজাতি রিসার্চ এন্ড কালচার‍্যাল ইনস্টিটিউটের যৌথ উদ্যোগে আজ পদ্মবিল ব্লক অফিস প্রাঙ্গণে ৩ দিনব্যাপী জনজাতি খাদ্য প্রস্তুতি বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন হয়। কর্মশালার উদ্বোধন করে পদ্মবিল ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান প্রশান্ত দেববর্মা বলেন, জনজাতি সমাজের ঐতিহ্য, সংস্কৃতি ও খাদ্যাভাস যুগ যুগ ধরে জনজাতিদের পরিচয় বহণ করছে। আধুনিকতার যুগে অনেক ঐতিহ্যবাহী রান্না ও উপকরণ হারিয়ে যেতে বসেছে। এই প্রশিক্ষণ কর্মশালার মাধ্যমে সেই হারানো রন্ধন ঐতিহ্যকে নতুন প্রজন্মের কাছে তুলে ধরার প্রয়াস নেওয়া হয়েছে। এই প্রশিক্ষণ কর্মশালায় মোট ৩০ জন জনজাতি মহিলা অংশগ্রহণ করেন। তাদের প্রশিক্ষণ দেবেন ঊষারঞ্জন দেববর্মা, তানিশা দেববর্মা এবং রাকেশ দেববর্মা। প্রশিক্ষণের প্রথম দিনে চাখুতাই কুমুন, চাকুমরা শিকামুক, লাইফাং গুদক এবং সৌতাই গুদক তৈরির কৌশল শেখানো হয়।

*****